বাংলাদেশ সুপ্রীম কোর্ট

হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(সাধারণ ও সংস্থাপন শাখা)
www.supremecourt.gov.bd

অফিস আদেশ নং- ৪৩৮/২০২৬ (এ এন্ড সি) তারিখ: ২৩ কার্তিক, ১৪৩৩ বঙ্গাব্দ / ০৮ নভেম্বর, ২০২৬ খ্রিস্টাব্দ

বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগে মুদ্রাক্ষরিক তথা অফিস সহকারী পদে প্রচলিত ভাতাদিসহ জাতীয় বেতন স্কেল, ২০২৬ এর ২১,৯০০-৫২,৯০০/- টাকা স্কেলে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে কাজে যোগদানের তারিখ থেকে ০২ (দুই) বছরের জন্য অস্থায়ী ভিত্তিতে শিক্ষানবিশ হিসেবে নিয়োগ প্রদান করা হলো।

ক্র. নং	রোল	নাম	পিতার নাম	স্থায়ী ঠিকানা
১.	১৫০০০৯৪	মোঃ মিনহাজ	মোঃ রফিকুল ইসলাম	গ্রাম: রাজাপাড়া (শেখালীপুর), ডাকঘর: চর-হরিশপুর, উপজেলা: চাঁপাইনবাবগঞ্জ সদর, জেলা: চাঁপাইনবাবগঞ্জ ।
২.	১৫০৩৫৭২	মোঃ ফেরদাউস আলম	মোঃ ওছমান গনি	গ্রাম: হেলেঞ্চাপাড়া, ডাকঘর: মাদলা, উপজেলা: শাজাহানপুর, জেলা: বগুড়া।
৩.	১৫০৩০৬৭	মোসাঃ নুসরাত জাহান মুমু	হাফেজ মোঃ আবু মুছা	গ্রাম: পারুয়ারা, ডাকঘর: পারুয়ারা, উপজেলা: বুড়িচং, জেলা: কুমিল্লা।
৪.	১৫০৩৪২৯	মোঃ অলিউল্লাহ অন্তর	মোঃ রওশন আলী	গ্রাম: বাসা-৬৮, চন্ডালভোগ মেইন রোড, ডাকঘর: উত্তরা, উপজেলা: তুরাগ, জেলা: ঢাকা।
৫.	১৫০৩০৯৪	তাসলিমা আক্তার	মোঃ আব্দুল খালেক	গ্রাম: ধরগাঁও, ডাকঘর: ধরগাঁও, উপজেলা: নান্দাইল, জেলা: ময়মনসিংহ।
৬.	১৫০২৪১২	মোঃ জহিরুল ইসলাম	মোঃ আব্দুর রহিম	গ্রাম: চর বসন্তী, ডাকঘর: নারায়নখোলা, উপজেলা: নকলা, জেলা: শেরপুর।
৭.	১৫০৩৩১৬	মোঃ হুমায়ূন কবির	ফজলুর রহমান	গ্রাম: হারারকান্দি, ডাকঘর: পেমই, উপজেলা: কেন্দুয়া, জেলা: নেত্রকোণা।

শর্তাবলী

১. যোগদানের তারিখ থেকে এ নিয়োগ কার্যকর হবে।

২. চাকরিতে যোগদানের সময় বয়স, শিক্ষাগত যোগ্যতা, নাগরিকত্ব ও নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত সকল যোগ্যতার প্রমাণস্বরূপ প্রয়োজনীয় মূল/প্রভিশনাল সার্টিফিকেট এবং কোটায় নিয়োগপ্রাপ্তদেরকে কোটার প্রমাণক যথাযথ কাগজাদি দাখিল করতে হবে।

৩. প্রার্থী যদি বাংলাদেশের নাগরিক ব্যতীত অন্য কাউকে বিবাহ করেন বা কারো সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়ার প্রতিশ্রুতিবদ্ধ হন তবে তিনি নিয়োগের অযোগ্য মর্মে বিবেচিত হবেন।

৪. প্রার্থীকে নিজ ব্যবস্থাপনায় সিভিল সার্জন/মেডিকেল বোর্ড এর নিকট হতে তার পদের জন্য যোগ্য মর্মে শারীরিক ও মানসিক যোগ্যতার সনদ এবং মাদক পরীক্ষার (ডোপ টেস্ট) সনদ সংগ্রহপূর্বক দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার সনদে ও ডোপ টেস্টে কোন বিরূপ মন্তব্য থাকলে এবং তা দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে নিয়োগকারী কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করতে পারবে।

৫. নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে নিয়োগের তারিখ হতে ০২ (দুই) বছর শিক্ষানবিশ হিসেবে থাকতে হবে এবং শিক্ষানবিশকালে কর্তৃপক্ষ যদি মনে করেন তার আচরণ ও কাজ সন্তোষজনক নয় এবং তিনি দক্ষতা অর্জন করতে পারবেন না তবে তাকে পূর্ব নোটিশ অথবা কারণ দর্শানো ব্যতিরেকেই চাকরি থেকে বাদ দিতে পারবে।

৬. নিয়োগপত্রের সাথে সংযুক্ত পুলিশ ভেরিফিকেশন ফরম পূরণ করে যোগদানের সময় দাখিল করতে হবে। চাকুরিতে নিয়োগের লক্ষ্যে কোন মিথ্যা তথ্য প্রদান করা হলে বা পুলিশ প্রতিবেদন সন্তোষজনক না হলে নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল করতে পারবে।

৭. নিয়োগপ্রাপ্ত প্রার্থী বর্তমানে কোথাও চাকুরিরত থাকলে যোগদানের পূর্বে বর্তমান নিয়োগকর্তার নিকট হতে অবমুক্তকরণ পত্র (Release Order) দাখিল করতে হবে। এ সংক্রান্ত কোন তথ্য গোপন করা হলে শৃঙ্খলা (Discipline) ভঙ্গের দায়ে অভিযুক্ত হবেন।

৮. বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ (কর্মচারী) নিয়োগ বিধি, ১৯৮৭ এর বিধি ৬(৩)(ক) অনুযায়ী শিক্ষানবিশকালীন সময়ের কর্ম সন্তোষজনক হলে তাকে চাকরিতে স্থায়ী করার বিষয় যথাসময়ে বিবেচনা করা হবে।

৯. চাকরিতে যোগদানের সময় ১৯৬৬ সালের অস্থায়ী বিধি অনুযায়ী একটি প্রতিশ্রুতি (আন্ডার টেকিং) ফরম পূরণ করতে হবে।

১০. চাকরিতে যোগদানের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।

উল্লিখিত শর্তাবলির আওতায় চাকরিতে যোগদানে সম্মত হলে আগামী ১৭/১১/২০২৬ তারিখ পূর্বাহ্নে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের সাধারণ ও সংস্থাপন শাখায় যোগদান করার জন্য নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে নির্দেশ প্রদান করা হলো। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদানে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং তার নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।

স্বা/-
ডেপুটি রেজিস্ট্রার
(সার্বিক ও আদি অধিক্ষেত্র)
ফোন: ০২-২২৩৩৮৬৮২৬

স্মারক নং- ১০২৪৯ (৭) জি,ই,এস তারিখ: ২৩ কার্তিক, ১৪৩৩ বঙ্গাব্দ / ০৮ নভেম্বর, ২০২৬ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

১. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২. রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ/রেজিস্ট্রার(বিচার), হাইকোর্ট বিভাগ/রেজিস্ট্রার, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৩. অতিরিক্ত রেজিস্ট্রার (সার্বিক), বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
৪. মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।
৫. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সিএএফও/বাংলাদেশ সুপ্রীম কোর্ট, কক্ষ নং ৫২৮, ৫ম তলা, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৬. ডি,ডি,ও, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
৭. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
৮. হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
৯. সুপারিনটেনডেন্ট, সাধারণ ও সংস্থাপন শাখা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ।
১০. জনাব মোঃ মিনহাজ, পিতা- মোঃ রফিকুল ইসলাম, গ্রামঃ রাজাপাড়া (শেখালীপুর), ডাকঘরঃ চর-হরিশপুর-৬২৯০, উপজেলাঃ চাঁপাইনবাবগঞ্জ সদর, জেলাঃ চাঁপাইনবাবগঞ্জ ।
১১. জনাব মোঃ ফেরদাউস আলম, পিতা- মোঃ ওছমান গনি, গ্রামঃ হেলেঞ্চাপাড়া, ডাকঘরঃ মাদলা-৫৮০০, উপজেলাঃ শাজাহানপুর, জেলাঃ বগুড়া।
১২. জনাব মোসাঃ নুসরাত জাহান মুমু, পিতা- হাফেজ মোঃ আবু মুছা, গ্রামঃ পারুয়ারা, ডাকঘরঃ পারুয়ারা-৩৫৩১, উপজেলাঃ বুড়িচং, জেলাঃ কুমিল্লা।
১৩. জনাব মোঃ অলিউল্লাহ অন্তর, পিতা- মোঃ রওশন আলী, গ্রামঃ বাসা-৬৮, চন্ডালভোগ মেইন রোড, ডাকঘরঃ উত্তরা-১২৩০, উপজেলাঃ তুরাগ, জেলাঃ ঢাকা।
১৪. জনাব তাসলিমা আক্তার, পিতা-মোঃ আব্দুল খালেক, গ্রামঃ ধরগাঁও, ডাকঘরঃ ধরগাঁও-২৩০০, উপজেলাঃ নান্দাইল, জেলাঃ ময়মনসিংহ।
১৫. জনাব মোঃ জহিরুল ইসলাম, পিতা-মোঃ আব্দুর রহিম, গ্রামঃ চর বসন্তী, ডাকঘরঃ নারায়নখোলা-২১৫০, উপজেলাঃ নকলা, জেলাঃ শেরপুর।
১৬. জনাব মোঃ হুমায়ূন কবির, পিতা- ফজলুর রহমান, গ্রামঃ হারারকান্দি, ডাকঘরঃ পেমই-২৪৮০, উপজেলাঃ কেন্দুয়া, জেলাঃ নেত্রকোণা।
১৭. অফিস কপি/গার্ড ফাইল।

সহকারী রেজিস্ট্রার
(সাধারণ ও সংস্থাপন) (ভারঃ)
ফোন: ০২২২৩৩৮১৯৩২